

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা (Bengali)

ষষ্ঠ পত্র (6th Paper)

NATOK O NATYAMANCHA

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) ‘সখের থিয়েটার’ বলতে কী বোঝেন ? বাংলা থিয়েটারের ইতিহাসে উনিশ শতকের সখের নাট্যশালাগুলির ভূমিকা আলোচনা করুন। ৬ + ১২
- খ) কাব্যনাট্য কাকে বলে ? কাব্যনাট্য হিসেবে ‘মালিনী’ নাটকের গুরুত্ব কতখানি তা আলোচনা করুন। ২ + ১৬
- গ) ‘ছেঁড়া তার’ নাটকটিকে ট্র্যাজেডি হিসেবে কি বিবেচনা করা যায় ? যুক্তিসহ আপনার মতামত লিখুন।
- ঘ) মধ্যযুগের আখ্যানকে কেন্দ্র করে গড়ে উঠলেও শল্পু মিত্রের ‘চাঁদ বণিকের পালা’ আসলে আধুনিক মানুষেরই আখ্যান হয়ে উঠেছে — মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে আপনার বক্তব্য লিখুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) উনিশ শতকে কলকাতার বিদেশি রঙ্গমঞ্চে অভিনেত্রীদের ভূমিকা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

- খ) ‘বুড় সালিকের ঘাড়ে রৌঁ’র শেষে যে নীতিশিক্ষার প্রসঙ্গটি রয়েছে তা নাটকটি পড়ার ক্ষেত্রে কীভাবে প্রাসঙ্গিক হয়ে ওঠে, সে বিষয়ে আপনার মতামত লিখুন ।
- গ) দ্বিজেন্দ্রলাল রায়ের ‘সাজাহান’ নাটকে মহামায়া চরিত্রটিকে খানিকটা প্রক্ষিপ্ত বলে মনে হয় । — এই মন্তব্যের সঙ্গে আপনি কি সহমত হবেন ? আপনার নিজস্ব মতামত লিখুন ।
- ঘ) “আমার কল্পিত ঋষ্যশৃঙ্গ ও তরঙ্গিনী পুরাকালের অধিবাসী হয়েও মনস্তত্ত্বে আমাদেরই সমকালীন ; এটা যদি গ্রাহ্য হয়, তাহলে ‘ত্রৈতা’ যুগের চরিত্রের মুখে ‘দ্বাপর’ যুগের উল্লেখ থাকলেও কোনো মহাভারত অশুদ্ধ হবে না ।” — ‘তপস্বী ও তরঙ্গিনী’ প্রসঙ্গে বুদ্ধদেবের এই মন্তব্যটির তাৎপর্য বিচার করুন ।
- ঙ) ‘অঙ্গার’ নাটকটির প্রান্তিক দৃশ্যের নাট্যসঙ্গতি বিচার করুন ।
- চ) ‘গল্প হেকিমসাহেব’ নাটকের নামকরণে ‘গল্প’ শব্দটি প্রযুক্ত হওয়ার তাৎপর্য আলোচনা করুন ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮

- ক) লেবেডেফ প্রতিষ্ঠিত বেঙ্গলী থিয়েটারের সংক্ষিপ্ত পরিচয় দিন ।
- খ) ‘ক্ষণতরে মুগ্ধ হৃদয়েতে জন্মে নি কি স্বপ্নাবেশ ?’ — ক্ষেমংকরকে চেনার ক্ষেত্রে এই উক্তি কতটা গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করেন তা আলোচনা করুন ।
- গ) ‘কলিদেব এতদিনেই যথার্থরূপে ভারতভূমিতে অবতীর্ণ হলেন’ — বক্তা কে ? কোন্ প্রসঙ্গে কেন এই মন্তব্য করা হয়েছে ? ১ + ৩ + ৩
- ঘ) জাম্বুবান নাম দিয়ে কে গান বেঁধেছিল ? ঐ গানে বলা, ‘মুখটা ধোসা প্যাট ড্যাংরা হাত পা ছিনা মড়া’ — কথাগুলির অর্থ কী ? ১ + ৬
- ঙ) ‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকে ঋষ্যশৃঙ্গ-পিতা বিভাণ্ডক মুনির ভূমিকা সংক্ষেপে উল্লেখ করুন ।
- চ) ‘ভুল, ভুল, মহাভুল, — ... ইতিহাস খুল্যে দেখো, অবশেষে চিরকাল মিথ্যা জয়ী হয়্যা এল ।’ — বক্তা কে ? কার উদ্দেশে এই উক্তি ? এই উক্তির তাৎপর্য ব্যাখ্যা করুন ।

১ + ১ + ৫

- ছ) ‘কেরানী হয়ে কলম পিষে নস্যি নিয়ে ষাট বছরে আড়াইশ টাকা পাবে — সেটাই চাই ? আমার এতদিনের ট্রেনিংটা বৃথা নষ্ট করবে ?’ — বক্তা কে ? কাকে বলা হয়েছে ? এইরূপ বলার কারণ কী ? ১ + ১ + ৫
- জ) ‘হুজুর আসমানে চাঁদখানি দ্যাখেন পাকা কুমড়া’ কিংবা ‘লাউ-এর ফালির মতো ফ্যাকাশে চাঁদ আকাশে’ এরকম নানাভাবেই ‘গল্প হেকিমসাহেব’ নাটকে ঘুরে ফিরে আসে চাঁদের প্রসঙ্গ । এর কি কোনো বিশেষ তাৎপর্য আছে বলে আপনি মনে করেন ?
-